12 FEB 1993

আজকের কাগজ

তারিখ ... 12 FEB 1993
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

166

# ১২০ জন প্রাথমিক শিক্ষক ৪ মাস যাবত ভাতা পাচ্ছে না

রংপুরের মিঠাপুকুর থানার ৩০টি রেজিস্ট্রেশন বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১শ' ২০ জন শিক্ষক '৯২ সালের অক্টোবর থেকে '৯৩ সালের জানুয়ারি মাস শেষ হলেও অদ্যাবধি ভাতা না পেয়ে দারুণ আর্থিক অসুবিধার মধ্যে দিনাতিপাত করছেন। এ ব্যাপারে শিক্ষকরা থানা শিক্ষা কর্মকর্তার কাছে বার বার যোগাযোগ করেও কোনো ফল পাননি বলে অভিযোগ করেছেন। উক্ত অভিযোগ সূত্র ধরে থানা শিক্ষা কর্মকর্তার সঙ্গে এ প্রতিনিধি সাক্ষাত করলে তিনি বলেন, শিক্ষকদেরকে বলা হয়েছিলো তাদের নিজ নিজ এলাকায় শিশু জরিপ করতে। শিক্ষকরা তা করেননি বলে ভাতা প্রদান করছেন না। তবে যে স্কুলের শিক্ষকরা শিশু জরিপ করেছে তাদেরকে ভাতা দেয়া হচ্ছে বলে থানা শিক্ষা কর্মকর্তা জানান। মিঠাপুকুর থেকে মোঃ হাফিজুর রহমান।